

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGP-DSE-T-1

(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রদত্তমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে)

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $২ \times ১০ = ২০$

ক) 'বক্রোক্তিবাদ' - এর প্রতিষ্ঠাতা কে? তিনি কোন্ গ্রন্থে বক্রোক্তি নিয়ে আলোচনা করেছেন?

খ) 'কাব্য হলো অনুকরণের অনুকরণ' — একথা কে বলেছিলেন?

গ) বস্তুবাদী আলংকারিক বলতে কী বোঝায়?

ঘ) 'ঔচিত্যবাদ'-এর প্রতিষ্ঠাতা কে? এ বিষয়ক তাঁর লেখা গ্রন্থটির নাম লেখো।

ঙ) কাব্যপাঠে 'চতুর্থবর্গ ফল প্রাপ্তি'-র কথা কে কোন্ গ্রন্থে বলেছেন?

চ) 'ক্লাসিসিজম' বলতে কী বোঝায়?

ছ) আধুনিক বাংলা সাহিত্যে চারজন রোমান্টিক কবির নাম লেখো।

জ) বাংলা সাহিত্যে একজন সুরিয়ালিস্ট বাঙালি কবি ও তাঁর লেখা একটি কবিতার নাম লেখো।

ঝ) 'রিয়ালিজম'-এর দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

ঞ) পাশ্চাত্য-সাহিত্যের দু'জন লেখকের নাম উল্লেখ করো যাঁদের লেখায় 'ন্যাচারালিজম' ভাবনার প্রকাশ বর্তমান।

ট) কাব্যের উদ্দেশ্য কী?

ঠ) বঙ্কিমচন্দ্রের মতে 'সুকবি' কে?

ড) 'আধুনিকতা ও রবীন্দ্রনাথ' প্রবন্ধটি কোন্ কোন্ সালে কী কী পুরস্কারে ভূষিত হয়েছে?

ঢ) 'রক্তকরবী'-র তিনজন কারা? এই তিনজনের প্রেমের রং কী কী?

ণ) "সাহিত্য দেশের আস্থা এবং জাতীয় চরিত্রের প্রতিবিশ্ব মাত্র" — এই বাক্যের মাধ্যমে বঙ্কিমচন্দ্র কী বোঝাতে চেয়েছেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: $৫ \times ৪ = ২০$

ক) 'কাব্যসত্য' সম্পর্কে রাবীন্দ্রিক ভাবনার পরিচয় দাও।

খ) 'ঔচিত্য' বলতে কী বোঝায়? এ সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।

গ) 'ক্লাসিক সাহিত্য' কাকে বলে? ক্লাসিক সাহিত্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করে দুটি পাশ্চাত্য ক্লাসিক সাহিত্যের উদাহরণ দাও।

ঘ) "জয়দেবের কবিতা স্বর্ণহার — বিদ্যাসাগরের কবিতা রুদ্রাক্ষমালা" — কার লেখা কোন্ প্রবন্ধের অন্তর্গত? মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

ঙ) “জগতের মাঝে কত বিচিত্র তুমি হে/ তুমি বিচিত্ররূপিণী”
— উক্তিটির গুরুত্ব রবীন্দ্রসাহিত্যে কতখানি?

চ) “সেও এক অপরূপ সৃষ্টি” — লেখক কার সম্বন্ধে একথা বলেছেন? ‘অপরূপ সৃষ্টি’ বলার কারণ কী?

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও: $10 \times 2 = 20$

ক) দর্শনের Realism এবং সাহিত্যের Realism কী এক?
বাস্তবতা কখন সাহিত্য পদবাচ্য হয়ে ওঠে — তা আলোকপাত করো।

খ) ক্লাসিসিজম ও রোমান্টিসিজমের মধ্যে তুলনামূলক আলোচনা করো।

গ) ‘বিদ্যাপতি ও জয়দেব’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বঙ্গীয় গীতিকাব্য লেখকদিগকে কয়টি শ্রেণীতে ভাগ করেছেন? এই বিভাজনের কারণগুলি কী কী তা মূল প্রবন্ধ অনুসরণে নিজের ভাষায় বিবৃত করো।
